ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৬২২

বিলোনীয়া,২ সেপ্টেম্বর,২০২৬

# ভিলেজ কাউন্সিল ভোটে দক্ষিণ জেলায় ভোটার রয়েছেন ১ লক্ষ ১৫ হাজার ৩৫৫ জন

দক্ষিণ জেলার মোট ৮টি ব্লকে ৭০টি ভিলেজ কমিটির জন্য নির্বাচন অনুষ্ঠিত হবে। মোট ভোটগ্রহণ কেন্দ্র থাকবে ১৭৭টি। জেলায় মোট ভোটার ১ লক্ষ ১৫ হাজার ৩৫৫ জন। তারমধ্যে পুরুষ ভোটার ৫৮ হাজার ১৭০ জন, মহিলা ভোটার ৫৭ হাজার ১৮৫ জন। আজ জেলাশাসক অফিসের কনফারেন্স হলে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে দক্ষিণ জেলার জেলাশাসক মহম্মদ সাজাদ পি এই তথ্য জানিয়েছেন।

জেলাশাসক জানান, ৩২ জন সেক্টর অফিসার নিয়োগ করা হয়েছে। তিনি বলেন, নির্বাচনের জন্য মনোনয়নপত্র দাখিল করা যাবে ৮ সেপ্টেম্বর বিকেল ৩টা পর্যন্ত। মনোনয়নপত্র পরীক্ষা করা হবে ৯ সেপ্টেম্বর। মনোনয়নপত্র প্রত্যাহার করা যাবে ১১ সেপ্টেম্বর বিকেল ৩টা পর্যন্ত। ভোটগ্রহণ করা হবে ২৮ সেপ্টেম্বর সকাল ৭টা থেকে বিকেল ৪টা পর্যন্ত। পুনরায় ভোটগ্রহণ প্রয়োজন হলে তা করা হবে ৩ অক্টোবর। ভোট গণনা করা হবে ৫ অক্টোবর সকাল ৮টা থেকে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার সুমন মজুমদার। তিনি বলেন, ভোট প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য পর্যাপ্ত নিরাপত্তার ব্যবস্থা করা হবে। জেলাশাসক জেলার সমস্ত শুভবুদ্ধিসম্পন্ন নাগরিকদের কাছে আবেদন রাখেন নির্বাচনী আচরণবিধি মেনে শান্তিপূর্ণভাবে ভোটগ্রহণ পর্ব সম্পন্ন করতে সকলে যেন সহযোগিতা করেন।

*****